



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা

তারিখ : ২৯.১০.২০২৩খ্রি.


## বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে কলেজের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির দরিদ্র ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে উক্ত উপবৃত্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে। উপবৃত্তির আবেদন ফরমটি সঠিত ভাবে পূরণ করে আগামী ০৭.১১.২০২৩খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ উচ্চ মাধ্যমিক শাখায় জমাদানের জন্য বলা হলো। উল্লেখ্য যে, বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী ওয়েবসাইড ও নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

বি.দ্র. : সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে এবং আবেদন ফরমে কোন তথ্য গোপন ও অসম্পূর্ণ থাকলে আবেদনটি অযোগ্য বলে বিবেচিত হবে।


### প্রয়োজনীয় কাগজপত্রঃ

১. শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি- ১কপি।
২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি (১৭ ডিজিটের হতে হবে)-০১ কপি।
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০১ কপি।
৪. পিতা/মাতা অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০১ কপি।
৫. শিক্ষার্থীর এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি-০১ কপি
৬. শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, প্রাক্তন ছিটমহলের বাসিন্দা এবং মুক্তিযোদ্ধার প্রজন্মদের কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
৭. শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে যে কোন বৈধ/সচল অনলাইন ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে হবে। অনলাইন/এজেন্ট ব্যাংক এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট, মোবাইল ব্যাংকিং ক্ষেত্রে ১১-১২ ডিজিট হতে হবে এবং যার নামে একাউন্ট খোলা তার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০১ কপি।

প্রতিষ্ঠানক্ষর  
  
(প্রফেসর রেজভী জামান-১৪৯৬)  
অধ্যক্ষ

সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ  
মাগুরা।

অধ্যক্ষ,  
সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ  
মাগুরা।

  
(ড. মোঃ সাজেদুল ইসলাম)

আহবায়ক  
উপবৃত্তি কমিটি-২০২৩  
সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ  
মাগুরা।

অবগতির জন্য অনুলিপি:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ;
৩. অফিস সংরক্ষণ নথি।